তোমরা এর দিকে লক্ষ্য করো। সে আমাকে মশার রক্ত সম্পর্কে জিজ্ঞাসা করেছে; অথচ তারা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সন্তান (হুসাইন রাদিয়াল্লাহু `আনহু) কে হত্যা করেছে। আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, “ওরা দু’জন (হাসান ও হুসাইন) পৃথিবীতে আমার দু’টি সুগন্ধি ফুল।”

ইবন আবূ নু‘আম থেকে বর্ণিত, তিনি বলেন, আমি ইবন উমারের কাছে উপস্থিত ছিলাম। তখন তার কাছে একলোক মশার রক্ত সম্পর্কে জিজ্ঞাসা করলো। তিনি বললেন, কোন দেশের লোক তুমি? সে বলল, আমি ইরাকের অধিবাসী। তিনি বললেন, তোমরা এর দিকে লক্ষ্য করো। সে আমাকে মশার রক্ত সম্পর্কে জিজ্ঞাসা করেছে; অথচ তারা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের
সন্তান (হুসাইন রাদিয়াল্লাহু `আনহু) কে হত্যা করেছে। আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, “ওরা দু’জন (হাসান ও হুসাইন) পৃথিবীতে আমার দু’টি সুগন্ধি ফুল।”
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

ইরাকের একলোক ইবন উমার রাদিয়াল্লাহু `আনহুমার কাছে জিজ্ঞাসা করলেন, মুহরিম অবস্থায় কারো জন্য ক্ষতিকারক ছোট প্রাণি যেমন মশা হত্যা করা কি বৈধ? অতিশয় ক্ষুদ্র বিষয়ে লোকটির গুরুত্ব দেওয়ায় তিনি আশ্চর্য হলেন; যদিও এরচেয়ে মারাত্মক ব্যাপারে তারা জড়িত। তিনি বললেন, “তোমরা এ লোকটির দিকে লক্ষ্য করো। সে আমাকে মশার রক্ত সম্পর্কে জিজ্ঞাসা করেছে; অথচ তারা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সন্তানকে হত্যা করেছে।” অর্থাৎ তারা চির নিষিদ্ধ হারাম কাজে জড়িত, তারা রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের দৈহিত্রকে হত্যা করেছে। এরপরেও তারা হজের ব্যাপারে নিজেদের পরিপূর্ণ তাকওয়া ও আল্লাহভীতি দেখাতে চায়! ফলে তারা (ইহরাম অবস্থায়) মশা হত্যা সম্পর্কে জিজ্ঞাসা করে। অতঃপর তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, “ওরা দু’জন (হাসান ও হুসাইন) পৃথিবীতে দু’টি সুগন্ধি ফুল।” অর্থাৎ তারা আমার সন্তান, আমি তাদের ঘ্রাণ নেই, তাদেরকে চুম্বন করি। তারা যেন পবিত্র সুগন্ধি, মানুষ যার সুঘ্রাণ গ্রহণ করে।

http://sunnah.global/hadeeth/bn/show/11170